



বাংলাদেশ দূতাবাস
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রিদ, স্পেন

Embassy of the People's Republic of Bangladesh
Embajada de la República Popular de Bangladesh
Madrid, Spain



নং:-১৯.০১.৩৪০১.২০০.৩৩.০০২.২১

৬ মে ২০২৩

প্রেস বিজ্ঞপ্তি

মাদ্রিদ, ৬ মে ২০২৩ : মাদ্রিদস্থ বাংলাদেশ দূতাবাস ৬ মে ২০২৩ তারিখে ব্যাপক উৎসাহ উদ্দীপনার মধ্যে দিয়ে বাংলা নববর্ষ-১৪৩০ উদযাপন করে। দিবসের কর্মসূচীর মধ্যে অন্যতম ছিল মঙ্গল শোভাযাত্রা, সাংস্কৃতিক অনুষ্ঠান ও ক্রীড়া প্রতিযোগিতা। সকাল ১১:৩০ ঘটিকায় রাষ্ট্রদূত মোহাম্মদ সারওয়ার মাহমুদ, এনডিসি এর নেতৃত্বে মঙ্গল শোভাযাত্রার মাধ্যমে দিবসের কর্মসূচী শুরু হয়। মঙ্গল শোভাযাত্রায় দূতাবাসের সকল কর্মকর্তা-কর্মচারী স্পেন প্রবাসী বিভিন্ন সামাজিক ও রাজনৈতিক দলের প্রতিনিধিবৃন্দ, সাংবাদিক নেতৃবৃন্দ তাদের পরিবারের সদস্যসহ অংশগ্রহণ করেন। রাষ্ট্রদূত তাঁর শুভেচ্ছা বক্তব্যে বলেন যে বাংলা নববর্ষ বাঙ্গালির প্রাণের উৎসব। মঙ্গল শোভাযাত্রা ধর্ম-বর্ণ নির্বিশেষে সমস্ত বাঙ্গালির অসাম্প্রদায়িক চেতনার বহিঃপ্রকাশ। ইউনেস্কো ২০১৬ সালে মঙ্গল শোভাযাত্রাকে বিশ্ব সাংস্কৃতিক ঐতিহ্য হিসেবে ঘোষণা করে। জাতীয় সংস্কৃতির এই আন্তর্জাতিক স্বীকৃতি বাঙ্গালি জাতি হিসেবে আমাদের পরম গৌরব ও মর্যাদার। হলরুমে আমন্ত্রিত অতিথিবৃন্দের উদ্দেশ্যে রাষ্ট্রদূত বলেন যে বাংলা নববর্ষ বাঙ্গালির জাতীয় জীবনে পরম আনন্দের দিন। চির নতুনের বার্তা নিয়ে আমাদের জীবনে বয়ে নিয়ে আসে নতুনের বারতা। তিনি আরো বলেন যে, স্বৈরাচার অপশক্তির বিরুদ্ধে প্রতিবাদ ও এসেছে পহেলা বৈশাখের আয়োজনে। পহেলা বৈশাখের বর্ষবরণ অনুষ্ঠানে বাঙালির অসাম্প্রদায়িক এবং গণতান্ত্রিক চেতনার বহিঃপ্রকাশ ঘটেছে। কালক্রমে বর্ষবরণ অনুষ্ঠান এখন শুধু আনন্দ-উল্লাসের উৎসব নয়, এটি বাঙালি সংস্কৃতির একটি শক্তিশালী খারক-বাহক হিসেবে প্রতিষ্ঠিত হয়েছে। তিনি বঙ্গবন্ধু-কন্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনার উক্তিটি সবাইকে স্মরণ করিয়ে দেন [“ধর্ম যার যার, উৎসব সবার (religion is individual, festival is common to all)”]

হলরুমে আয়োজিত সাংস্কৃতিক অনুষ্ঠানে প্রবাসী বাংলাদেশীরা মনোমুগ্ধকর বিভিন্ন জনপ্রিয় সঙ্গীত পরিবেশন করেন। পরে অংশগ্রহণকারী মহিলা, শিশু কিশোর ও পুরুষদের জন্য বিভিন্ন ক্রীড়া প্রতিযোগিতার আয়োজন করা হয় এবং বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করা হয়। অনুষ্ঠান শেষে আমন্ত্রিত অতিথিদেরকে বাঙ্গালি খাবারে আপ্যায়ন করা হয়।



[Handwritten signature]
5/5/2023